সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৪৫

৪/ উযূ (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ৪/৭৩. মিসওয়াক করা।

بَاب السِّوَاكِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ، قَالَ حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم إِذَا قَامَ مِنَ اللَّيْلِ يَشُوصُ فَاهُ بِالسِّوَاكِ.

বাংলা

২৪৫. হুযায়ফাহ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাতে (সালাতের জন্য) উঠতেন তখন মিসওয়াক দিয়ে মুখ পরিষ্কার করতেন। (৮৮৯, ১১৩৬; মুসলিম ২/১৫, হাঃ ২৫৫, আহমাদ ২৩৪৭৫) (আধুনিক প্রকাশনীঃ ২৩৮, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৪৪)

English

Narrated Hudhaifa: Whenever the Prophet (sallallahu ‘alaihi wa sallam) got up at night, he used to clean his mouth with Siwak.

হাদিসের শিক্ষা

হাদীসের শিক্ষা

১. ঘুম থেকে জাগ্রত হওয়ার পর মিসওয়াক করার গুরুত্ব। কারণ ঘুমে সাধারণত মুখের গন্ধ পরিবর্তনের অবস্থা তৈরি হয়। সেজন্য ঘুমের পরে মিসওয়াক বেশি গুরুত্বপূর্ণ। বিশেষ করে যদি এর পরে সালাত আদায় করা হয়।

২. ঘুম ছাড়াও যখনই মুখের গন্ধ পরিবর্তন হবে তখনই মিসওয়াক করা উচিত।

৩. ইসলামী শরী'আতে পবিত্রতা ও পরিচ্ছন্নতার যে সবিশেষ গুরুত্ব রয়েছে হাদীস থেকে তা স্পষ্টভাবে প্রমাণিত

হচ্ছে।

৪. মিসওয়াক করার বিষয়টি মুখের ভিতরের যাবতীয় অংশের সাথে সম্পৃক্ত; সুতরাং দাঁত পরিষ্কার করার পাশাপাশি মাড়ি ও জিহ্বা পরিষ্কার করার দিকেও নজর দেয়া উচিত।

৫. ঘুম থেকে উঠে মিসওয়াক করা রাসূলের আদর্শ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন